



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৫৫০/গাজি/ ৮-৫৭

তারিখ: ০৭/০৮/২০২২

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৭/২০২২ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০০২.২০২২.১৮০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে **থাম বাংলা বিদ্যালয়**-কে ০১/০১/২০২২ তারিখ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মানবিক শাখায় মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকবোর্ডেও নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্রবোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের একাডেমিক স্বীকৃতির ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ

- মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিকে কোন অবস্থাতে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম, ঠিকানা এবং EIIN ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে প্রয়োজনীয় ফি-সহ বোর্ডে দাখিল করতে হবে।
- বিদ্যালয়ের নবম/২২ সনের ছাত্র-ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
- স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।
- বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী ও ফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে মাধ্যমিক একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
- বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
- বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- বিদ্যালয়ের আঙ্গিনায় ছোট-বড় বৃক্ষ রোপণ করে পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
- সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহ- পাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণ জমি থাকতে হবে এবং ০১(এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।

প্রাপক : প্রধান শিক্ষক

থাম বাংলা বিদ্যালয় (EIIN-১৩৮৬৩২)
পোঃ পশ্চিম চন্দ্রা, উপজেলা- কালিয়াকৈর
জেলা- গাজীপুর।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

ফোন: ০২-৫৮৬১০০৬৯

মেমো নং- ৮৫৭ (০২)

তারিখ: ০৭/০৮/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- জেলা প্রশাসক, গাজীপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।